

7310 - রমযানে ফজরের পরে ফরয গোসল করা

প্রশ্ন

সহবাস-উত্তর ফরয গোসল করতে ফজর পর্যন্ত দেরী করা কি জায়েয? নারীদের ক্ষেত্রে হায়েযজনিত ও নিফাসজনিত গোসল ফজর পর্যন্ত দেরী করা কি জায়েয?

প্রিয় উত্তর

যদি কোন নারী ফজরের পূর্বে পবিত্রতা দেখতে পান তাহলে রোযা রাখা তার উপর আবশ্যিক। তবে ফরয গোসল ফজর পর্যন্ত দেরী করতে কোন অসুবিধা নাই। তবে সূর্যোদয় পর্যন্ত দেরী করা যাবে না। অনুরূপ বিধান সহবাস-উত্তর ফরয গোসলের ক্ষেত্রেও প্রযোজ্য। এমন ব্যক্তিও ফরয গোসল সূর্যোদয় পর্যন্ত দেরী করতে পারবে না। বরং পুরুষের উচিত অবিলম্বে গোসল করে নেয়া; যাতে করে ফজরের নামায জামাআতের সাথে আদায় করতে পারে।